# নদী গবেষণা ইনস্টিটিউট

(River Research Institute, Faridpur-7800, Bangladesh)
ফরিদপুর-৭৮০০, বাংলাদেশ।
Phone: +02478803007, E-mail : rribd@yahoo.com, Web Site : www.rri.gov.bd

## নদী গবেষণা ইনস্টিটিউটের ফেব্রুয়ারি ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি ঃ এস এম আবু হোরায়রা
মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট

সভার তারিখ ঃ ১৫ ফেব্রুয়ারি ২০২৩

সভার সময় ঃ সকাল ১১.০০ টা

স্থান ঃ নদী গবেষণা ইনস্টিটিউটের কনফারেন্স রুম।

(সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক তে সংযুক্ত)

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | গত সভার কার্য বিবরণী অনুমোদন | গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত বিবরণীতে কোন সংশোধনী বা দ্বিমত আছে কিনা তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হলো। | প্রশাসন শাখা |
| ২. | নদী গবেষণা ইনস্টিটিউটের কর্মকান্ড সম্বলিত Presentation উপস্থাপন সংক্রান্ত। | সভায় ১০ বছর পূর্বের গ্যাঙ্গেজ ব্যারেজ মডেলের গবেষণা কর্মকান্ডের Presentation উপস্থাপন করা হয়। সভায় পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) হাঃরিঃ জানান যে, ২০০৯-২০১০ সালে এ গ্যাঙ্গেজ মডেলের ভৌত মডেল স্ট্যাডি সম্পন্ন করা হয়েছে। কিন্তু গ্যাঙ্গেজ ব্যারেজ প্রকল্প এখনও বাস্তবায়িত হয়নি। সভাপতি মহোদয় অন্যান্য কর্মকর্তাদেরও Presentation প্রদর্শন করার জন্য প্রস্তুত থাকার নির্দেশনা প্রদান করেন। সভাপতি মহোদয় জি:আর: পরিদপ্তরকে পরবর্তী Presentation করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) নদী গবেষণা ইনস্টিটিউটের সকল কর্মকর্তাদের Presentation প্রদর্শন করতে হবে।<br>খ) জি:আর: পরিদপ্তরের কর্মকান্ডের Presentation আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জি:আর: পরিদপ্তর ও সকল কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | বার্ষিক কার্যসম্পাদন চুক্তি। | সভায় জানানো হয় যে, ক) ২০২২-২৩ সালের এপিএ বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী এপিএ বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করার লক্ষ্যে দুটি ভৌত ও গাণিতিক মডেলের চূড়ান্ত রিপোর্ট দাখিলের বিষয়ে মতামত ব্যক্ত করেন।<br>খ) সভায় এপিএ অর্জন শতভাগ নিশ্চিত করার জন্য তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থার বিষয়ে গুরুত্ব প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। | ক) লক্ষ্যমাত্রা অনুযায়ী এপিএ বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করতে হবে।<br>খ)এপিএ অর্জন শতভাগ নিশ্চিত করার জন্য তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থার বিষয়ে গুরুত্ব প্রদান করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৪. | নদী গবেষণা ইনস্টিটিউটের ওয়েবসাইট হালনাগাদকরণ, ই-ফাইলিং এবং অন্যান্য আইসিটি বিষয়ক কার্যক্রম। | সভায় জানানো হয় যে, নগই'র সকল পরিদপ্তরের কার্যক্রম ই-নথিতে সম্পাদন করা হচ্ছে। ই-নথির তালিকা সভায় উপস্থাপন করা হয়। নগই'র সকল পরিদপ্তরের কার্যক্রম ই-নথিতে শতভাগ সম্পাদন করার এবং প্রতিমাসের তুলনামূলক বিবরণী উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। | ক) নগই'র সকল পরিদপ্তরের কার্যক্রম ই-নথিতে শতভাগ সম্পাদন করতে হবে।<br>খ) আগামী সমন্বয় সভায় ই-নথিতে নিষ্পত্তিকৃত কার্যক্রমের তথ্য প্রতিমাসের তুলনামূলক তথ্য উপস্থাপন করতে হবে। | সকল পরিদপ্তর |
| ৫. | ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়ে আলোচনা। | সভায় জানানো হয় যে, নগই'র যাবতীয় কর্মকান্ডের তথ্য, কর্মকর্তা ও কর্মচারীদের নাম ও মোবাইল নম্বর ওয়েবসাইটে হালনাগাদ রাখতে হবে। | নগই'র যাবতীয় কর্মকান্ডের তথ্য, কর্মকর্তা ও কর্মচারীদের নাম ও মোবাইল নম্বর ওয়েবসাইটে হালনাগাদ রাখবে। | সহকারী প্রোগ্রামার |
| ৬. | শূন্যপদ পূরণ | সভায় নদী গবেষণা ইনস্টিটিউটের পদ ভিত্তিক শূন্যপদসমূহ পূরণে গৃহীত কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় শূন্যপদের তথ্য ও পদসমূহ পূরণের গৃহীত কার্যক্রমের তথ্যসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রতি মাসে সমন্বয় সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। | নদী গবেষণা ইনস্টিটিউটের প শূন্যপদের তথ্য ও পদসমূহ পূরণে গৃহীত কার্যক্রম তথ্যসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রতি মাসে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রশাসন শাখা |
| ৭. | অনিষ্পন্ন কার্যাবলি পর্যালোচনা | নগই'র কোনো অনিষ্পন্ন কার্যাবলি থাকলে সে সংক্রান্ত তথ্যসহ অবহিতকরণ এবং অনিষ্পন্ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করা হয়। | অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। এক মাসের বেশি অনিষ্পন্ন থাকা কার্যক্রমকে পেন্ডিং হিসেবে গণ্য করে উক্ত বিষয়ে কোন শাখায় পেন্ডিং রয়েছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। | সকল পরিদপ্তর |
| ৮. | তথ্য অধিকার আইন, ২০০৯-এর ধারা ৫ অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণ সংক্রান্ত। | তথ্য অধিকার আইন, ২০০৯-এর ধারা ৫ অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করা হয়ে। | তথ্য অধিকার আইন, ২০০৯-এর ধারা ৫ অনুসারে নদী গবেষণা ইনস্টিটিউটের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করতে হবে। | উপপরিচালক/স্টোর কর্মকর্তা |
| ৯. | নগই'র মামলা সংক্রান্ত। | সভায় নগই'র মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় | ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রশাসন শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নগই'র মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ এবং দুই মাসের মধ্যে দুটি মামলা নিষ্পত্তি করার বিষয়ে সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন। | খ) দুই মাসের মধ্যে দুটি মামলা নিষ্পত্তি করার প্রচেষ্টা করতে হবে। | |
| ১০. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | সভায় নগই'র অডিট আপত্তি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় অডিট কমিটি আগমনের বিষয়টি অবহিত করা হয় এবং এ বিষয়ে সকলকে সহযোগিতা করণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | অডিট কমিটি আগমনের বিষয়টি সকলকে অবহিতকরণ এবং এ বিষয়ে সকলকে সহযোগিতা করতে হবে। | হিসাব শাখা |
| ১১. | উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর বিধি মোতাবেক প্রকল্পের ইকুপমেন্ট/গাড়ি ব্যবহার/হস্তান্তর | সভায় প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ি বিধি মোতাবেক TO & E-তে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়। | উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ি বিধি মোতাবেক TO & E-তে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা করতে হবে। | যানবাহন কর্মকর্তা |
| ১২. | প্রকল্পের তথ্য ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত। | সভায় নগই'র ওয়েবসাইটের প্রকাশিত প্রকল্পের তথ্যের সঠিকতা নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। | নগই'র ওয়েবসাইটের প্রকাশিত প্রকল্পের তথ্যের সঠিকতা নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক ও সহকারী প্রোগ্রামার |
| ১৩. | Online Attendance চালু রাখা প্রসঙ্গে। | নদী গবেষণা ইনস্টিটিউটের সকল কর্মকর্তা/কর্মচারীদের অফিসে উপস্থিতির বিষয়ে আগামী সভায় তথ্য প্রদানের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | নদী গবেষণা ইনস্টিটিউটের সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতির বিষয়ে আগামী সভায় তথ্য প্রদান করতে হবে। | সহকারী প্রোগ্রামার |
| ১৪. | নগই'র জার্নাল ও বার্ষিক প্রতিবেদন প্রকাশনার কাজ সম্পাদন সংক্রান্ত। | নগই'র বার্ষিক প্রতিবেদন প্রকাশনা কমিটি প্রতি বছর বার্ষিক প্রতিবেদন প্রকাশের কাজ ১৫ সেপ্টেম্বর-এর মধ্যে, ক্যালেন্ডার ২০ ডিসেম্বরের মধ্যে, বুকলেট ২৫ জানুয়ারির মধ্যে এবং স্যুভেনির (কলম, প্যাড, নোটবুক) তৈরির উদ্যোগ গ্রহণের বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। এছাড়া, জার্নাল প্রকাশনা কমিটি ১৫ দিনের মধ্যে সভা আহবান করবে এবং সভায় মহাপরিচালক মহোদয় উপস্থিত থাকবেন মর্মে নির্দেশনা প্রদান করেন। | নদী গবেষণা ইনস্টিটিউটের জার্নাল কমিটি, বার্ষিক প্রতিবেদন কমিটি, গ্রন্থাগারিক ও ভান্ডার কর্মকর্তা কাজগুলো যথাসময়ে সম্পাদন করবেন। | নদী গবেষণা ইনস্টিটিউটের জার্নাল কমিটি, বার্ষিক প্রতিবেদন কমিটি, গ্রন্থাগারিক ও ভান্ডার কর্মকর্তা |
| ১৫. | নদী/গবেষণা সংক্রান্ত | ক) বাংলাদেশের নদ-নদীর সঠিক সংখ্যা নির্ধারণের জন্য সমীক্ষা করতে কত টাকা ও কত সময়ের প্রয়োজন হবে সে বিষয়ে পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), হাঃ রিঃ-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>খ) বাংলাদেশের নদ-নদীর তথ্য সম্বলিত প্রদর্শনী ব্যানার তৈরির বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ক) বাংলাদেশের নদ-নদীর সঠিক সংখ্যা নির্ধারণের জন্য সমীক্ষা করতে কত টাকা ও কত সময়ের প্রয়োজন হবে সে বিষয়ে পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), হাঃ রিঃ-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) বাংলাদেশের নদ-নদীর তথ্য সম্বলিত প্রদর্শনী ব্যানার তৈরির বিষয়ে পরিচালক, হাঃ রিঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক, হাইড্রলিক রিসার্চ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | স্টোরের সম্মুখে রক্ষিত পুরাতন ও অকেজো মালামাল নিলামের মাধ্যমে বিক্রয় সংক্রান্ত। | পুরাতন ও অকেজো মালামালসমূহ নিলাম কমিটি গঠন করে নিলামের কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | পুরাতন ও অকেজো মালামালসমূহ নিলাম কমিটি গঠন করে নিলামের কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রশাসন শাখা ও স্টোর শাখা |
| ১৭. | পুরাতন মালামাল, আসবাবপত্র, মরা ও ভেঙ্গে পড়া গাছ এবং পরিবেশ দুষণকারী গাছের তালিকা প্রস্তুতপূর্বক নিলামের মাধ্যমে বিক্রয় সংক্রান্ত। | পুরাতন মালামাল, আসবাবপত্র, মরা ও ভেঙ্গে পড়া গাছ এবং পরিবেশ দুষণকারী গাছের তালিকা প্রস্তুতের নিমিত্ত কমিটি গঠন এবং উক্ত কমিটি নিলামের কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | পুরাতন মালামাল, আসবাবপত্র, মরা ও ভেঙ্গে পড়া গাছ এবং পরিবেশ দুষণকারী গাছের তালিকা প্রস্তুতের নিমিত্ত কমিটি গঠন এবং উক্ত কমিটি নিলামের কার্যক্রম গ্রহণ করবেন। | প্রশাসন শাখা |
| ১৮. | বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল প্রসঙ্গে। | প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী নিজ দায়িত্বে বার্ষিক গোপনীয় অনুবেদন যথাসময়ে দাখিল করবেন মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী নিজ দায়িত্বে বার্ষিক গোপনীয় অনুবেদন যথাসময়ে দাখিল করবেন। | সকল পরিচালক, মহাপরিচালকের একান্ত সচিব |
| ১৯. | নগই জামে মসজিদের মিনার, চুন কাম ও দরজা মেরামত প্রসঙ্গে। | সভায় ক) নগই জামে মসজিদের মিনার তৈরির বিষয়ে ইমাম সাহেব মতামত ব্যক্ত করেন।<br>সভায় নগই জামে মসজিদের চুন কাম ও দরজা মেরামতের বিষয়ে মসজিদ কমিটির সভাপতি মতামত ব্যক্ত করেন।<br>খ) মসজিদসহ মসজিদের চারপাশের এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে মসজিদের ইমামসহ মসজিদ কমিটিকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ক) বাজেট স্বল্পতার কারণে মিনার নির্মাণ করা সম্ভব নয় মর্মে সভাপতি মতামত ব্যক্ত করেন।<br>খ) মসজিদ সংলগ্ন এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে মসজিদের ইমামসহ মসজিদ কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ইমাম, নগই জামে মসজিদ ও সভাপতি/সম্পাদক নগই জামে মসজিদ কমিটি |
| ২০. | নগই মাধ্যমিক বিদ্যালয় ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের কর্মকান্ড সংক্রান্ত | ক) সভায় মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জানান যে, বিদ্যালয়ের ৩য় ও চতুর্থ শ্রেণির জনবল সমস্যার কারণে দাপ্তরিক কাজের বিঘ্ন ঘটছে, শিক্ষকের স্বল্পতা রয়েছে এবং ৯ম ও ১০ম শ্রেণির স্বীকৃতির প্রয়োজন। এছাড়া, আসবাবপত্র ও বাথরুমের সমস্যা রয়েছে। আসবাবপত্রের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, জেলা পরিষদের সাথে আলোচনা করেছেন। বিদ্যালয়ের চারপাশে পরিস্কার পরিচ্ছন্ন করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>খ) সভায় বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান যে, শিক্ষকদের মাসিক বেতন ০৬ মাস বন্ধ রয়েছে। এছাড়া, | ক) মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বিদ্যালয়ের উন্নতি কল্পে যথাযথ পরিকল্পনা গ্রহণের জন্য সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন এবং নগইর পক্ষ থেকে সার্বিক সহযোগিতা করার বিষয়ে আশ্বস্ত প্রদান করেন।<br>খ) নগই বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার গুণগতমান বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নগই মাধ্যমিক বিদ্যালয় ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা ৮৮জন ও শিক্ষকদের পাঠদানের বিষয়ে অবহিত করেন। নগই বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার গুণগতমান বৃদ্ধির বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | | |
| ২১. | আনসারদের সদস্য সংখ্যা বৃদ্ধি এবং প্রধান ডিউটি পোস্টে দর্শনার্থীদের নাম ও মোবাইল নম্বর এন্ট্রিকরণ প্রসঙ্গে। | সভায় ক) আনসারদের পিসি জানান যে, নগই'র বাউন্ডারি ওয়াল ভাঙ্গা, মেরামতের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। তাছাড়া ৪/৫ জন আনসার সদস্য সংখ্যা বৃদ্ধির বিষয়ে মতামত ব্যক্ত করেন। বাউন্ডারির ভাঙ্গা ওয়াল মেরামতের বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য জনাব গোস্বামী বিল্ব মঙ্গল, উপ-সহকারী প্রকৌশলী-কে দায়িত্ব প্রদান করা হয় এবং বাজেট স্বল্পতার কারণে আনসারদের সদস্য সংখ্যা বৃদ্ধি করা সম্ভব নয় মর্মে সভাপতি মহোদয় মতামত ব্যক্ত করেন।<br>খ) নগই'র প্রধান ডিউটি পোস্টে দর্শনার্থীদের নাম ও মোবাইল নম্বর রেজিস্ট্রারে এন্ট্রিকরার বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে নিরাপত্তা কর্মকর্তা ও আনসার প্লাটুন কমান্ডারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ক) নগইর বাউন্ডারির ভাঙ্গা ওয়াল মেরামতের বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য জনাব গোস্বামী বিল্ব মঙ্গল, উপ-সহকারী প্রকৌশলী-কে দায়িত্ব প্রদান করা হয় এবং বাজেট স্বল্পতার কারণে আনসারদের সদস্য সংখ্যা বৃদ্ধি করা সম্ভব নয় মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নগই'র প্রধান ডিউটি পোস্টে দর্শনার্থীদের নাম ও মোবাইল নম্বর রেজিস্ট্রারে এন্ট্রিকরণ এবং এ বিষয়ে নিরাপত্তা কর্মকর্তা ও আনসার প্লাটুন কমান্ডার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | নিরাপত্তা কর্মকর্তা/উপ-সহকারী প্রকৌশলী/প্লাটুন কমান্ডার। |
| ২২. | পানি সম্পদ সম্পর্কিত প্রকল্পসমূহ প্রনয়ণকালে নদী গবেষণা ইনস্টিটিউটের প্রয়োজনীয় ক্ষেত্রে মতামত গ্রহণ এবং প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিতকরণ প্রসঙ্গে। | সভায় গত ২০ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটির ২য় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের ক্রমিক নং-১০ এ উল্লেখ আছে " পানি সম্পদ সম্পর্কিত প্রকল্পসমূহ প্রনয়ণকালে নদী গবেষণা ইনস্টিটিউটের প্রয়োজনীয় ক্ষেত্রে মতামত নিতে হবে এবং এবং প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে। এ বিষয়ে সভায় আলোচনা হয় যে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান-কে বিষয়টি অবহিত করা হবে। | সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান-কে বিষয়টি অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), হাইড্রলিক রিসার্চ পরিদপ্তর ও পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তর. |
| ২৩. | "Staff of the Month" ঘোষণা | ক) জনাব মোঃ কাজী সোলায়মান, মডেল টেকনিশিয়ান গ্রেড-এ কে তাঁর অসাধারণ কর্মের জন্য "Staff of the Month" | ক) জনাব মোঃ কাজী সোলায়মান, মডেল টেকনিশিয়ান গ্রেড-এ কে তাঁর কাজের স্বীকৃতিস্বরূপ "Staff of the | পরিচালক জিঃ আরঃ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (মাসের সেরা কর্মচারী) হিসেবে ঘোষণা করার বিষয়ে পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), হাইড্রলিক রিসার্চ পরিদপ্তর মত প্রকাশ করেন।<br>খ) পরবর্তী মাসিক সমন্বয় সভায় পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তর কর্মচারীদের মধ্য হতে একজনকে "Staff of the Month" ঘোষণা করবেন মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | Month" হিসেবে ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) পরবর্তী মাসিক সমন্বয় সভায় পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জিওটেকনিক্যাল রিসার্চ পরিদপ্তর কর্মচারীদের মধ্য হতে একজনকে "Staff of the Month" ঘোষণা করবেন। | |

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ/-
এস এম আবু হোরায়রা
মহাপরিচালক
নদী গবেষণা ইনস্টিটিউট
ফরিদপুর।

স্মারক নং-নগই/মাসিক সমন্বয় সভা-৬৮৭/২০০৮(পার্ট-১)/ ১৪২৭ (৬) তারিখ-২৭/০২/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য
১. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)। সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৮ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে দাখিলের অনুরোধসহ।

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/হাঃ রিঃ/জিঃ আরঃ), নগই, ফরিদপুর।
২. উপ সচিব, প্রশাসন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জনাব ............................................ ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নগই, ফরিদপুর (হালনাগাদ তথ্যাদি সহকারী প্রোগ্রামার-এর নিকট দাখিলের অনুরোধসহ)।
৪. উপ-পরিচালক, নগই, ফরিদপুর।
৫. পি এস টু মহাপরিচালক, নগই, ফরিদপুর।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, নগই, ফরিদপুর।
৭. সহকারী প্রোগ্রামার, নগই, ফরিদপুর (নগইর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. নিরাপত্তা কর্মকর্তা, নগই, ফরিদপুর।
৯. নোটিশ বোর্ড সকল।
১০. অফিস/মাস্টার কপি

উপ পরিচালক
নদী গবেষণা ইনস্টিটিউট
ফরিদপুর।